

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ টেলিভিশন

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কার্যালয়ের (ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রসহ সকল উপকেন্দ্র) ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২৩) এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপর ফিডব্যাক প্রদান সভার কার্যবিবরণী।

সভাপতি	আফছানা বিলকিস পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	২৬.০৪.২০২৩
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা
স্থান	সদর দপ্তর ভবনের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তা এবং জুম অ্যাপ-এ যুক্ত থাকা বিটিভি চট্টগ্রাম কেন্দ্রসহ সকল উপকেন্দ্র প্রধানগণের উদ্দেশ্যে বলেন যে, সুশাসন প্রতিষ্ঠায় সবাইকে সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে দাপ্তরিক কার্যসম্পাদন করতে হবে। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩-এর ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২৩) এর মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সূচারু রুপে পালন করতে হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন-৩) মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২৩) এর দাখিলকৃত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। সভায় কেন্দ্র ও উপকেন্দ্রসমূহ কর্তৃক আয়োজিত নৈতিকতা কমিটির সভায় গতানুগতিক সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। তাছাড়া পরিবীক্ষণ কাঠামোতে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন দেখানো হচ্ছে না। চতুর্থ প্রান্তিক (এপ্রিল-জুন ২০২৩) পরিবীক্ষণ কাঠামোতে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন মোট অর্জন ও অর্জিত মান কলাম পূরণ করত: বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি ও মূল্যায়ন প্রতিবেদন (প্রমাণকসহ) প্রধান কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।

০২। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

০১. পরিবীক্ষণ কাঠামোতে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন দেখাতে হবে।

০২. চতুর্থ প্রান্তিক (এপ্রিল-জুন ২০২৩) শেষে জুলাই ২০২৩ মাসে বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি ও মূল্যায়ন প্রতিবেদন (প্রমাণকসহ) প্রেরণ করতে হবে।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আফছানা বিলকিস
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ১৫.৫৪.০০০০.০২১.২২.০০১.১৯.৩৩৯

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩০

০৯ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর, বাংলাদেশ টেলিভিশন-(কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ)।

২) জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।

৩) উপকেন্দ্র প্রধান -----(সকল), বাংলাদেশ টেলিভিশন।

৪) সাটলিপি কার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ টেলিভিশন

৫) সাট লিপি কার কাম কম্পিউটার অপারেটর, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ টেলিভিশন

৬) কার্যালয় নথি।

মো: নাজিম উদ্দিন

সহকারী পরিচালক (প্রশাসন)

10/8/2017
2017/8/20
সহকারী

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> কথা বনুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট	

স্বাক্ষর